

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুজলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৭.১৯- ৪৬৫

তারিখঃ ২৬ মার্চ ২০১৯
০৭.০৬.২০১৯

বিষয়ঃ ডাঃ মোঃ কামাল হোসেন (১৩৩১১৫), মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সৈয়দপুর, নীলফামারী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ কামাল হোসেন (১৩৩১১৫), মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সৈয়দপুর, নীলফামারী এর বিরুদ্ধে রেজিঃ নং-১০৮৩০/৩২২/৪৫ এ আব্দুল মান্নান নামে কোন রোগী অত্র হাসপাতালে ভর্তি না হয়েও ছাড়পত্র প্রদান করা হয়েছে এবং রোগী ভর্তি না করে ভূয়া মেডিকেল ছাড়পত্র প্রদানের বিষয়ে তদন্তে সত্যতা মিলেছে;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।



(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব
(অভ্যন্তরীণ প্রশাসন ও শুজলা অনুবিভাগ)

ডাঃ মোঃ কামাল হোসেন (১৩৩১১৫)
মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল
সৈয়দপুর, নীলফামারী।

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৭.১৯- ৪৬৫/১(৭)
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ


তারিখঃ ০৭.০৬.২০১৯

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীর প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। উপপরিচালক (শুজলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম)
- ৪। সিভিল সার্জন, নীলফামারী।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মোঃ কামাল হোসেন (১৩৩১১৫), মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, সৈয়দপুর, নীলফামারী এর বিরুদ্ধে রেজিঃ নং-১০৮৩০/৩২২/৪৫ এ আব্দুল মান্নান নামে কোন রোগী অত্র হাসপাতালে ভর্তি না হয়েও ছাড়পত্র প্রদান করা হয়েছে এবং রোগী ভর্তি না করে ভূয়া মেডিকেল ছাড়পত্র প্রদানের বিষয়ে তদন্তে সত্যতা মিলেছে। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(শেখ মুজিবুর রহমান)
অতিরিক্ত সচিব

(অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা অনুবিভাগ)